গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেলা কার্যালয়, গাইবান্ধা।
E-mail:gaibandhadnc@gmail.com

নং-৫৮.০২.৩২০০.১৬৬.০৬.০০১.২১-২৬২

০৯ বৈশাখ, ১৪২৯
তারিখ :---------------------
২২ এপ্রিল, ২০২৬

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন প্রসঙ্গে।

সূত্র : ১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকার পত্র নং-২৭০, তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি.।
২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুরের পত্র নং-২২৭, তারিখ: ১৮/০৪/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জুন ২০২৬ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সংগে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে দিবসটি পালনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তরুণ ও যুবসমাজের মধ্যে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তিনটি গ্রুপে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। রচনা প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হ'ল।

গ্রুপ এবং রচনা বিষয় নিম্নরুপ:

(১) ''ক'' গ্রুপ: ৬ষ্ঠ-৮শ্রেণী বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য (১০০০ শব্দের মধ্যে)।
রচনার বিষয়: ''সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা''

(২) '' খ'' গ্রুপ: ৯ম-১০ম শ্রেণী বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য (১৫০০ শব্দের মধ্যে)।
রচনার বিষয়: '' তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামীর বাংলাদেশ”

(৩) '' গ'' গ্রুপ: একাদশ-দ্বাদশ, স্নাতক বা সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য (২০০০ শব্দের মধ্যে)।
রচনার বিষয়: '' মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি”

প্রতিযোগিতার নিয়মাবলী:

১. গাইবান্ধা জেলার সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
২. রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখিত হতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণ যোগ্য নয়।
৩. রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনা সংশ্লিষ্ট শিক্ষা-প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
৫. খামের উপর ''রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৬'' লিখতে হবে।
৬. রচনা আগামী ১৫/০৫/২০২৬খ্রি. তারিখের মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, দক্ষিণ ধানঘড়া (এসপি অফিসের বিপরীত পার্শ্বে) গাইবান্ধার ঠিকানায় পৌঁছাতে হবে।

পুরস্কার: রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

২২.০৪.২৬
(মোঃ রফিকুল ইসলাম)
সহকারী পরিচালক
ফোন-০২-৫৮৭৭১০০২৯

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
--------------------------------------------
--------------------------------------------
--------------------------------------------

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:
১. জেলা প্রশাসক, গাইবান্ধা।
২. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।